দৈনিক ইনকিলাব

337

তারিখ JAN. 14. 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# আজীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ফটোগ্রাফ জমাদানের অনুরোধ

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ২৫ জন প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি চলছে। ১ জুলাই, ১৯৯৭ থেকে ৪ ডিসেম্বর, ১৯৯৭ পর্যন্ত যাঁরা নতুন আজীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হয়েছেন তাঁদের ফটোগ্রাফ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিসে রক্ষিত আছে। কিন্তু যারা উক্ত সময়ের পূর্বে আজীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হয়েছেন তাঁদের ফটোগ্রাফ পূর্ববর্তী নির্বাচনের সময় আইডেনটিটি কার্ডের জন্য ব্যবহার করা হয়েছে বিধায় তাঁদেরকে ১৯৯৯ সালে অনুষ্ঠিতব্য নির্বাচনের জন্য নতুন করে দুই কপি ফটোগ্রাফ রেজিস্ট্রার অফিসে জমা দিতে বলা হয়েছে। নির্বাচনে ভোট প্রদানের সময় প্রত্যেক রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটের পরিচিতির জন্য অত্র দপ্তর কর্তৃক ইস্যুকৃত তাঁদের আইডেনটিটি কার্ড সঙ্গে রাখতে হবে বিধায় আইডেনটিটি কার্ড ইস্যুর জন্যই এই ফটোগ্রাফ প্রয়োজন। আজীবন রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন নম্বর বা ভোটার তালিকার ক্রমিক নম্বর উল্লেখপূর্বক দুই কপি প্রত্যায়িত পাসপোর্ট সাইজের ফটোগ্রাফ আগামী ০৪-০২-৯৯ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার (প্রশাসন-৪)-এর নিকট প্রশাসনিক ভবনের ২০৭ নম্বর কক্ষে পাঠানোর জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ জানানো হয়েছে।